"দূর্নীতি, মাদক ও সন্ত্রাসমুক্ত উন্নত দুমকী উপজেলা গঠন আমাদের অঙ্গীকার"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ
দুমকী, পটুয়াখালী।

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

## উপজেলা পরিষদ এর ০৫/০৩/১৫২/২৯তম সভার কার্যবিবরণী

সভাপতি : **জনাব হারুন-অর-রশীদ হাওলাদার**
চেয়ারম্যান, দুমকী উপজেলা পরিষদ।
তারিখ : ১৮-০৭-২০২১ খ্রিঃ।
সময় : রবিবার, সকাল- ১০.০০ ঘঃ।
স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ, দুমকী, পটুয়াখালী।
উপস্থিতি : উপস্থিতি/অনুপস্থিতি পরিশিষ্ট 'ক' এবং পরিশিষ্ট 'খ'তে দেখানো হলো।

সভাপতি উপজেলা পরিষদের সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অত:পর সভাপতি মহোদয় উপজেলা পরিষদের মূখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসারকে আলোচ্যসূচী অনুযায়ী সভার কার্যক্রম আরম্ভ করার আহবান জানান।

উপজেলা নির্বাহী অফিসার আলোচ্য বিষয়সহ নিম্নরূপ আলোচনা করেন ও সিদ্ধান্ত সমূহ গৃহীত হয় :

| ক্রঃ নং | আলোচ্যসূচী | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নের দায়িত্বে |
|---|---|---|---|---|
| ০১ | পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন | উপজেলা নির্বাহী অফিসার পূর্ববর্তী ১৫১ (২৮) তম সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনান এবং কোনরূপ সংশোধন না থাকলে উহা দৃঢ়করণের প্রস্তাব করেন।<br>উপস্থিত উপজেলা পরিষদের সকল সদস্যবৃন্দ সর্বসম্মতভাবে বিগত সভার সিদ্ধান্ত সমূহ নিশ্চিত করেন। বিগত সভায় গৃহীত সিদ্ধান্তের অসমাপ্ত কাজ ত্বরান্বিত করার জন্য সকলে একমত পোষণ করেন। | উপজেলা পরিষদ, দুমকী ১৫১ (২৮) তম সভার কার্যবিবরণী ও সিদ্ধান্ত সমুহ কোনরূপ সংযোজন বিয়োজন না থাকায় সর্বসম্মতিক্রমে বিগত সভার সিদ্ধান্ত সমুহ অনুমোদন দেওয়া হয়। | উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা পরিষদের মূখ্য নির্বাহী কর্মকর্তা, দুমকী। |
| ০২ | চলমান করোনা পরিস্থিতি ও ঈদ-উল-আযহা উদ্যাপন | সভাপতি মহোদয় বলেন, বিরাজমান করোনা পরিস্থিতি ক্রমাম্বয়ে দেশব্যাপি ভয়াবহতা দেখা দিয়েছে। ঈদ-উল-আযহা উপলক্ষে পরিস্থিতি আরও খারাপ হতে পারে। এ বিষয়ে ইউনিয়ন পরিষদ সমূহকে ভিজিএফ বিতরণ, কোরবাণির পশুর হাট, ঈদের নামাজ এবং আনুষ্ঠানিকতায় স্বাস্থ্যবিধি মেনে সংযম হওয়ার জন্য সম্ভাব্য ব্যবস্থা নেওয়া প্রয়োজন।<br>উপস্থিত সদস্যগণ উক্ত প্রস্তাবের সাথে একমত পোষণ করে শ্রীরামপুর ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান আমিনুল ইসলাম সালাম বলেন, করোণা প্রারাম্ভ থেকেই ইউনিয়ন পরিষদ সমূহ যার যার অবস্থান থেকে এ বিষয়ে গণসচেতনতা বৃদ্ধিতে কাজ করে যাচ্ছে । আমরা এ বিষয় আরও গুরুত্বসহকারে ইউপি সদস্য ও গ্রাম পুলিশের সমম্বয়ে গণসচেতনতা সৃষ্টিতে কাজ করে যাব। | করোনা সচেতনতা সৃষ্টিতে স্বাস্থ্যবিধি অনুসরণে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ আরও জোরালো ভূমিকা পালন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, দুমকী ও উপজেলা প্রকৌশলী, এলজিইডি, দুমকী। |
| ০৩ | বিভাগীয় আলোচনা: | ১। উপজেলা প্রকৌশল বিভাগ:<br>উপজেলা প্রকৌশলীর অনুপস্থিতিতে উপসহকারী প্রকৌশলী আবদুস সালাম জানান যে, অত্র এলাকায় সুপেয় পানির জন্য পিপিপি পদ্ধতিতে গভীর নলকুপ বসানোর কাজ চলমান রয়েছে। এ | | উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা পরিষদের মূখ্য |

| | | | | |
|---|---|---|---|---|
| | | কাজের অভিজ্ঞতার আলোকে দেখা যাচ্ছে যে, ৯০০-১০০০ ফিট গভীরে পাইপ বসানো ছাড়া লবণাক্তমুক্ত পানি পাওয়া যায় না। তাই জনস্বার্থে গভীর নলকুপ বসানোর প্রাক্কলন ব্যয় বৃদ্ধি করা প্রয়োজন। অত্র উপজেলায় এনজিও'র মাধ্যমে সুবিধাভোগীর টাকা ৩০০০০/- (ত্রিশ হাজার) প্রদান করেন। আমার সুনির্দিষ্ট প্রস্তাব সুবিধাভোগীদের কাছ থেকে টাকা ২০,০০০/- পরিবর্তে ২৫,০০০/- টাকা এবং উপজেলা পরিষদ থেকে ৭৫,০০০/- টাকা সর্বমোট ১০০,০০০/- (একলক্ষ) টাকা প্রতিটি টিউবওয়েলের প্রাক্কলন ব্যয় ২০২১-২০২২ অর্থ বছরে কার্যকর করার জন্য অনুমোদনের প্রস্তাব করেন।<br>এ পর্যায়ে আংগারিয়া ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান সৈয়দ গোলাম মরতুজা বলেন, পানির স্তর নিম্নমূখী, চলমান পিপিপি পদ্ধতিতে গভীর নলকুপ বসানোর উদ্যোগ সফল করতে ৯০০ থেকে ১০০০ ফিট পাইপ বসানো প্রয়োজন। তবে প্রাক্কলন ব্যয় উপকারভোগীর কাছ থেকে ২৫,০০০/- টাকা এবং উপজেলা পরিষদ থেকে ৭৫,০০০/- সর্বমোট ১০০,০০০/- (একলক্ষ) ব্যয় নির্ধারণ কার্যকর করা যেতে পারে।<br>উপস্থিত অন্যান্য সদস্যগণ উক্ত প্রস্তাবের সাথে একমত পোষণ করেন। | ১। জনস্বার্থ বিবেচনা করে সুপেয় পানির জন্য পিপিপি পদ্ধতিতে গভীর নলকুপ স্থাপনের নিমিত্তে উপকারভোগীর কাছ থেকে ২৫,০০০/-টাকা এবং উপজেলা পরিষদ থেকে ৭৫,০০০/-টাকা সর্বমোট ১০০,০০০/- টাকা প্রাক্কলন প্রস্তুত করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | নির্বাহী কর্মকর্তা, দুমকী। |
| | | ২। সভাপতি মহোদয় বলেন, গ্রামীণ বড় বড় সড়ক সমূহ এলজিইডি নির্মাণ করেন কিন্তু প্রাতিষ্ঠানিক ও একাধিক বাড়ির সাথে পাকা সড়কের সংযোগদানের জন্য "গ্রামীণ সংযোগ সড়ক" নামে দুমকী উপজেলা পরিষদ পিপিপি পদ্ধতিতে সিসি সড়ক নির্মাণের জন্য একটি প্রকল্প গ্রহণ করতে পারে। অনুরূপ প্রকল্প বিআরডিবি বাস্তবায়ন করছে যার ব্যাপক চাহিদা বিদ্যমান। অথচ উপজেলা পরিষদে ২০০৯ সালে আমরাই গভীর নলকুপের জন্য পিপিপি পদ্ধতি গ্রহণ করি। তিনি আরও বলেন, অনধিক ১লক্ষ টাকার প্রকল্পে উপকারভোগীগণ উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলে ৩০০০০/- টাকা জমা দিবেন এবং উপজেলা পরিষদ বার্ষিক উন্নয়ন কর্মসূচীর বরাদ্দ থেকে টাকা ৭০০০০/- সর্বমোট টাকা ১০০,০০০/- (একলক্ষ) প্রতিটি প্রকল্পে ব্যয় হবে। উক্ত প্রস্তাবের উপর আংগারিয়া ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান সৈয়দ গোলাম মরতুজা একমত পোষণ করে বলেন, চলমান সড়ক সমূহ উন্নয়নের পাশাপাশি উক্ত প্রস্তাবটি জনস্বার্থ বিবেচনায় নিয়ে পিপিপি পদ্ধতিতে গ্রামীণ সংযোগ সড়ক নির্মাণ প্রকল্প গ্রহণ একটি সৃজনশীল প্রস্তাবনা। অন্যান্য সদস্যগণ উক্ত প্রস্তাবের সাথে একমত পোষণ করেন। | ২। গ্রামীণ সংযোগ সড়ক নির্মাণের জন্য পিপিপি পদ্ধতিতে অনধিক ১লক্ষ টাকার প্রকল্পে উপকারভোগীগণ উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলে ৩০,০০০/- টাকা জমা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৫ | উপজেলা পরিষদের ৩০-০৬-২০২১ সমপ্ত বছরে রাজস্ব তহবিল, সম্মানী ভাতা ও কর্মচারীদের ঈদ বোনাস | উপজেলা নির্বাহী অফিসার জানান যে, গত ৩০ জুন সমাপ্ত অর্থ বছরে রাজস্ব তহবিলে উদ্বৃত্ত টাকা ৬৭৪৯৩৮/- মাত্র। করোনা পরিস্থিতিতে রাজস্ব নিম্নমূখী। আসছে ঈদ-উল-আযহা উপজেলা পরিষদ চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যানদের সম্মানী ভাতা ও কর্মচারীদের বেতন ও বোনাস, বিবিধ খাতে ব্যয় পরিশোধ করা প্রয়োজন। তাই রাজস্ব তহবিলের থেকে ব্যয় করার জন্য অনুমোদনের প্রস্তাব করেন। পরবর্তীকালে প্রাপ্ত রাজস্ব হতে উক্ত টাকা ৩০ জুন ২০২১ এর উদ্বৃত্তের আলোকে সমন্বয় করা যেতে পারে।<br>উপস্থিত সকল সদস্য উক্ত প্রস্তাবের সাথে একমত পোষণ করেন। | উপজেলা পরিষদ চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যানদের সম্মানী ভাতা ও কর্মচারীদের বেতন ও বোনাস, বিবিধ খাতে ব্যয় পরিশোধ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা পরিষদের মূখ্য নির্বাহী কর্মকর্তা, দুমকী। |
| ০৬ | বিবিধ-১ | উপজেলা প্রকৌশলী জানান যে, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের অধীনে ২০১৮-২০১৯ অর্থ বছরের (১) পাংগাশিয়া ইউনিয়নের হাজিরহাটের ড্রেনেজ সুব্যবস্থাসহ মৎস্য ও মাংস বহুমূখী বিক্রয়কেন্দ্র স্থাপন উপপ্রকল্পের কাজ মোঃ ফিরোজ, ফায়ার সার্ভিস রোড, পটুয়াখালী কর্তৃক কার্যাদেশ মোতাবেক যথাযথ প্রাক্কলন ও ডিজাইন অনুযায়ী সম্পাদন করেছেন। যার চুক্তিমূল্য বাবদ ২০,৩২,১৭০/- টাকা পাওয়ার জন্য আবেদন করেছেন এবং (২) আংগারিয়া ইউনিয়নের পাতাবুনিয়া বাজার সংলগ্ন নদীতে ঘাট নির্মাণ এবং উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, দুমকীতে বর্জ্য ব্যবস্থাপনায় ডাস্টবিন ও মেট্রেস সরবরাহ শীর্ষক উপপ্রকল্পের কাজ মেসার্স রানা কনস্ট্রাকশন, আদালত পাড়া, পটুয়াখালী কর্তৃক কার্যাদেশ মোতাবেক যথাযথ প্রাক্কলন ও ডিজাইন অনুযায়ী সম্পাদন করেছেন। যার চুক্তিমূল্য বাবদ ২৪,৩৩,২০৬/- টাকা পাওয়ার জন্য আবেদন করেছেন। এছাড়া ২০১৯-২০২০ অর্থ বছরের (১) উপজেলার কৃষি জমির জলাবদ্ধতা নিরসনে ২৭টি ইউড্রেন নির্মাণ উপপ্রকল্পের কাজ মেসার্স আবুল কালাম আজাদ, মুসলিম পাড়া, পটুয়াখালী কর্তৃক কার্যাদেশ মোতাবেক যথাযথ প্রাক্কলন ও ডিজাইন অনুযায়ী সম্পাদন করেছেন। যার চুক্তিমূল্য বাবদ ২০,০১,৫৪৬/- টাকা পাওয়ার জন্য আবেদন করেছেন এবং (২) করোনা প্রাদুর্ভাব রোধে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে হ্যান্ডওয়াস বেসিন নির্মাণ উপপ্রকল্পের কাজ মেসার্স গাজী কনস্ট্রাকশন- আয়ান এন্টারপ্রাইজ (জেভি), টাউন কালিকাপুর, পটুয়াখালী কর্তৃক কার্যাদেশ মোতাবেক যথাযথ প্রাক্কলন ও ডিজাইন অনুযায়ী সম্পাদন করেছেন। যার চুক্তিমূল্য বাবদ ১৮,৭৪,৬৩০.৭০ টাকা পাওয়ার জন্য আবেদন করেছেন।<br>এমতাবস্থায়, বর্ণিত বিল পরিশোধের নিমিত্তে ভাউচারসহ যাবতীয় কাগজপত্র প্রকল্প প্রধান কার্যালয়ে প্রেরণের প্রস্তাব করলে উপস্থিত সকল সদস্যবৃন্দ একমত পোষন করেন। | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের অধীনে ২০১৮-২০১৯ অর্থ বছরের মোঃ ফিরোজ, ফায়ার সার্ভিস রোড, পটুয়াখালী কর্তৃক দাখিলকৃত ২০,৩২,১৭০/- টাকা এবং মেসার্স রানা কনস্ট্রাকশন, আদালত পাড়া, পটুয়াখালী কর্তৃক দাখিলকৃত ২৪,৩৩,২০৬/- টাকা ও ২০১৯-২০২০ অর্থ বছরের মেসার্স আবুল কালাম আজাদ, মুসলিম পাড়া, পটুয়াখালী কর্তৃক দাখিলকৃত ২০,০১,৫৪৬/- টাকা এবং মেসার্স গাজী কনস্ট্রাকশন-আয়ান এন্টারপ্রাইজ (জেভি), টাউন কালিকাপুর, পটুয়াখালী কর্তৃক দাখিলকৃত ১৮,৭৪,৬৩০.৭০ টাকার বিল ভাউচারসহ যাবতীয় কাগজপত্র অনুমোদনের জন্য প্রকল্প প্রধান কার্যালয়ে প্রেরণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, দুমকী ও উপজেলা প্রকৌশলী, এলজিইডি, দুমকী। |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৭ | বিবিধ-২ | মুরাদিয়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব মোঃ মিজানুর রহমান সিকদার জানান যে, মুরাদিয়া ইউনিয়ন পরিষদ ভবনটি দীর্ঘদিন ধরে অত্যন্ত জরাজীর্ণ ও ঝুকিপূর্ণ অবস্থায় রয়েছে। বর্তমান পরিষদ দায়িত্ব গ্রহণের পর থেকে এই জরাজীর্ণ ভবনে অফিসের যাবতীয় কার্যক্রম পরিচালনা করে আসছে। যেকোন সময় বড় ধরনের দূর্ঘটনা ঘটার সম্ভাবনা রয়েছে। তাই ইউনিয়ন পরিষদের নতুন কমপ্লেক্স ভবন নির্মাণ করা একান্ত জরুরী। এমতাবস্থায়, গত ১৪/০৭/২০২১ তারিখের ইউনিয়ন পরিষদের মাসিক সভায় নতুন কমপ্লেক্স ভবন নির্মাণ করার প্রস্তাবটি অত্র উপজেলা পরিষদ সভায় অনুমোদনক্রমে জেলা প্রশাসক, পটুয়াখালী মহোদয়ের মাধ্যমে প্রধান প্রকৌশলী, এলজিইডি, ঢাকা বরাবরে প্রেরণের প্রস্তাব করেন।<br><br>উপস্থিত সকল সদস্যবৃন্দ বিস্তারিত আলোচনা ও পর্যালোচনান্তে জনস্বার্থে যাতে ভবনটি নির্মাণ করা যায় সে বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জেলা প্রশাসক, পটুয়াখালী মহোদয়ের মাধ্যমে প্রধান প্রকৌশলী, এলজিইডি, ঢাকা বরাবরে প্রেরণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | জনস্বার্থে মুরাদিয়া ইউনিয়ন পরিষদের নতুন কমপ্লেক্স ভবন যাতে নির্মাণ করা যায় সে বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জেলা প্রশাসক, পটুয়াখালী মহোদয়ের মাধ্যমে প্রধান প্রকৌশলী, এলজিইডি, ঢাকা বরাবরে প্রেরণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, দুমকী। |
| ০৮ | বিবিধ-৩ | সভাপতি মহোদয় জানান যে, গত ২৬/০৫/২০২১ খ্রি. তারিখের অতি প্রবল ঘুর্ণিঝড় ইয়াস এর প্রভাবে দুমকী উপজেলার বিভিন্ন ইউনিয়নে বেরীবাঁধ ভেঙ্গে ফসলী জমির ব্যাপক ক্ষয়ক্ষতি হয়েছে। বিশেষ করে নদীর তীরবর্তী হওয়ায় পাংগাশিয়ার হাজিরহাট বাজার সংলগ্ন ও পাংগাশিয়া স্লুইজগেট সংলগ্ন ২টি অংশের কার্পেটিং রাস্তা সম্পূর্ণ ভেঙ্গে ভিতরে পানি প্রবেশ করায় অত্র এলাকার কয়েক একর ফসলী জমিসহ মাছের খামার ও ঘরবাড়ি তলিয়ে যায়। ঘুর্নিঝড় ইয়াস এর পরপরই তাৎক্ষনিক পরিস্থিতি বিবেচনায় উপজেলা পরিষদের অপ্রত্যাশিত খাত থেকে নগদ ২০০,০০০/- (দুইলক্ষ) টাকা সহায়তা দিয়ে রাস্তা ২টি সম্পূর্ণ মেরামত করা হয়েছে।<br>এ বিষয়ে উপজেলা পরিষদের সভায় অনুমোদনের জন্য বিল ভাউচারসহ সভায় উপস্থাপন করেন।<br>উপস্থিত সকল সদস্যবৃন্দ একমত পোষণ করেন। | প্রবল ঘুর্ণিঝড় ইয়াস এর প্রভাবে পাংগাশিয়ার হাজিরহাট বাজার সংলগ্ন ও পাংগাশিয়া স্লুইজগেট সংলগ্ন ক্ষতিগ্রস্ত ২টি অংশের কার্পেটিং রাস্তা তাৎক্ষনিক মেরামতের জন্য উপজেলা পরিষদের অপ্রত্যাশিত খাত থেকে নগদ ২০০,০০০/- (দুইলক্ষ) টাকা প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, দুমকী। |
| ০৯ | বিবিধ-৪ | উপজেলা পরিষদের সাঁট মুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর জানান যে, জুলাই ২০২১ মাসে উপজেলা পরিষদ চেয়ারম্যান, উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা পরিষদ সভায় আপ্যায়ন ব্যয় বাবদ প্রতিমাসে ৩০,০০০/- টাকা, ভাইস চেয়ারম্যানদ্বয় ও স্থায়ী কমিটির সভায় আপ্যায়ন ব্যয় বাবদ প্রতিমাসে ৮০০০/- টাকা, আনুষঙ্গিক মালামাল ক্রয় বাবদ প্রতিমাসে ৫,০০০/- টাকা, ইন্টারনেট ব্যয় বাবদ প্রতিমাসে ১,০০০/- টাকার ভাউচার পাওয়া গেছে।<br><br>এছাড়া উপজেলা পরিষদের জীপ গাড়ীর ফিটনেস নবায়ন ও ট্যাক্স টোকেন বাবদ ২০,০০০/- (বিশ | বিগত সভার সিদ্ধান্ত মোতাবেক সকল ভাউচারের ব্যয় সর্বসম্মতভাবে অনুমোদিত হয় এবং আলোচনায় বর্ণিত সকল ভাউচারের বিল উপজেলা পরিষদ রাজস্ব তহবিল থেকে খাতওয়ারী পরিশোধ করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা পরিষদের মূখ্য নির্বাহী কর্মকর্তা, দুমকী। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | হাজার) টাকা উপজেলা পরিষদের ২৮তম সভার সিদ্ধান্ত মোতাবেক উত্তোলন করা হয়েছে। কিন্তু ফিটনেস নবায়ন করতে আরও অতিরিক্ত ১০০৮০/- টাকা ব্যয় হয়েছে, যার ভাউচার পাওয়া গেছে।<br>জনাব আ: সালাম মোল্লা, লেবার সর্দার কর্তৃক উপজেলা পরিষদের অভ্যন্তরে সকল ড্রেন, চত্বর ও ডাস্টবিন পরিস্কার পরিচ্ছন্ন করে ৪৫টি লেবার মজুরী বাবদ সর্বমোট (৫০০*৪৫)= ২২৫০০/- টাকার ভাউচার পাওয়া গেছে।<br>ইউনিয়ন পরিষদ নির্বাচন ২০২১ উপলক্ষে বর্ডারগার্ড থাকার জন্য অডিটরিয়ামের বিদ্যুৎ লাইন মেরামত বাবদ ১৪৭৬/- টাকার ভাউচার পাওয়া গেছে।<br>উপজেলা পরিষদের ১৪/৬/২১ খ্রি. তারিখের ২৮তম সভার সিদ্ধান্তের আলোকে উপজেলা দিবসের ব্যানার ফেস্টুন তৈরী বাবদ ৩৪১১২/- টাকার ভাউচার পাওয়া গেছে।<br>জনাব মোয়াজ্জেম মোল্লা, স্যানিটারী মিস্ত্রি কর্তৃক উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনে স্যানিটারী ও পানির লাইন মেরামত বাবদ মজুরী ২৪৮৫০/- টাকার ভাউচার পাওয়া গেছে।<br>জনাব খোকন মৃধা, ইলেকট্রিক মিস্ত্রি কর্তৃক উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন, গেজেটেড ও ননগেজেটেড কোয়াটারের ইলেকট্রিক লাইন মেরামত মজুরী বাবদ সর্বমোট ২৪৫০০/- টাকার ভাউচার পাওয়া গেছে।<br><br>সকল বিল ভাউচার সভায় উপস্থাপন করেন এবং অনুমোদনের জন্য প্রস্তাব করলে সর্বসম্মতভাবে অনুমোদিত হয়। | | |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(হারুন-অর-রশীদ হাওলাদার)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
দুমকী, পটুয়াখালী।

স্মারক নং- ৪৬.০৪৬.৭৮৫৫.০০০.১৩.০৫৬.২০- ৩৪৫

তারিখ- ১৮/০৭/২০২১ খ্রি.।

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে ঃ

০১। মাননীয় সংসদ সদস্য-১১১, পটুয়াখালী-১
০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা-১০০০।
০৩। জেলা প্রশাসক, পটুয়াখালী।
০৪। উপজেলা ......................................... অফিসার, দুমকী।
০৫। জনাব ......................................................................... দুমকী।
০৬। অফিস নথি।

(শেখ আব্দুল্লাহ সাদীদ)
উপজেলা নির্বাহী অফিসার
দুমকী, পটুয়াখালী।

**উপজেলা পরিষদ এর ১৫২/২৯তম সভায় উপস্থিত সদস্যবৃন্দের স্বাক্ষরপত্র (স্বাক্ষরের ক্রমানুসারে নহে) ঃ**

সভার তারিখ ঃ ১৮/০৭/২০২১ খ্রি. সকাল ১০.০০ ঘটিকা

পরিশিষ্ট- 'ক'

| ক্রমিক নং | নাম ও ঠিকানা | মোবাইল নম্বর | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১. | জনাব হারুন-অর-রশীদ হাওলাদার, চেয়ারম্যান, উপজেলা পরিষদ | ০১৭১১৫২১০৫২ | সভাপতি | |
| ২. | জনাব এইচ.এম মাসুদ আল মামুন, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ | ০১৭১০৮৮৫৫১৪ | সদস্য | |
| ৩. | জনাব মোসাঃ ফরিদা ইয়াসমিন, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ | ০১৭১৮৮৫৯৪৪৮ | সদস্য | |
| ৪. | জনাব মোঃ নজরুল ইসলাম, চেয়ারম্যান, ১নং পাংগাশিয়া ইউনিয়ন পরিষদ | ০১৭১৯৮৭৫০০৮ | সদস্য | |
| ৫. | জনাব মোঃ শাহআলম আকন, চেয়ারম্যান, ২নং লেবুখালী ইউনিয়ন পরিষদ | ০১৭২৪৫২৩৯৩৫ | সদস্য | |
| ৬. | জনাব মো: মিজানুর রহমান, চেয়ারম্যান, ৩নং মুরাদিয়া ইউনিয়ন পরিষদ | ০১৭১৫৭১৪৫৪৭ | সদস্য | |
| ৭. | জনাব সৈয়দ গোলাম মরতুজা, চেয়ারম্যান, ৪নং আংগারিয়া ইউপি | ০১৭১১৩৪৩৮৯৫ | সদস্য | |
| ৮. | জনাব মোঃ আমিনুল ইসলাম, চেয়ারম্যান, ৫নং শ্রীরামপুর ইউনিয়ন পরিষদ | ০১৭১২৭৭২৭৫৪ | সদস্য | |

পরিশিষ্ট- 'খ'

| ক্র: নং | নাম ও ঠিকানা | মোবাইল নম্বর | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১. | জনাব শেখ আব্দুল্লাহ সাদীদ, উপজেলা নির্বাহী অফিসার | ০১৭৩৩৩৩৪১৪৭ | মূখ্য নির্বাহী কর্মকর্তা | |
| ২. | জনাব মো: মেহেদি হাসান, অফিসার ইনচার্জ, দুমকী | ০১৭১৩৩৭৪৩২২ | সদস্য | |
| ৩. | জনাব ডাঃ মীর শহিদুল ইসলাম শাহিন, উপজেলা স্বাস্থ্য কর্মকর্তা | ০১৭১১৩৭০৫১৭ | সদস্য | |
| ৪. | জনাব মেহের মালিকা, উপজেলা কৃষি কর্মকর্তা | ০১৭১২৪৩৪৯৫৫ | সদস্য | |
| ৫. | জনাব আজিজুর রহমান, উপজেলা প্রকৌশলী, এলজিইডি | ০১৭০৮১৬১২৪৫ | সদস্য | |
| ৬. | জনাব মোঃ শফিকুল ইসলাম, উপজেলা প.প. কর্মকর্তা | ০১৭২৭৮০২৫৬৬ | সদস্য | |
| ৭. | জনাব রফিকুল ইসলাম, উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, দুমকী | ০১৭৫৫৬১৮২০২ | সদস্য | |
| ৮. | জনাব মোঃ জুনায়েদ-ইবনে-আজিজ, উপজেলা সমাজসেবা কর্মকর্তা | ০১৭১৫৪৮৮৮৮৮ | সদস্য | |
| ৯. | জনাব মো: জাহাঙ্গীর মিয়া, উপজেলা মৎস্য কর্মকর্তা | ০১৭১৫১৯৪৯৪৪ | সদস্য | |
| ১০. | জনাব মোঃ মোজাম্মেল হক, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা | ০১৭১৬৮৬৫৬৬৫ | সদস্য | |
| ১১. | জনাব বদরুন নাহার ইয়াছমিন, উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা | ০১৭১৭১৮৪৩৫০ | সদস্য | |
| ১২. | জনাব কাজী মনিরুজ্জামান রিপন, উপজেলা শিক্ষা কর্মকর্তা (চ:দা:) | ০১৭১১০১৯০৬৩ | সদস্য | |
| ১৩. | জনাব মো: ইউনুচ হাওলাদার, উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা | ০১৭৫৫০৯৩৭৭৬ | সদস্য | |
| ১৪. | জনাব মুসফিকা আক্তার তুলি, উপজেলা সমবায় কর্মকর্তা | ০১৭০০৫৮২৬২৮ | সদস্য | |
| ১৫. | জনাব শাহিদা বেগম, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | ০১৭১২৮৬৭৫৪১ | সদস্য | |
| ১৬. | জনাব রাজীব বিশ্বাস, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা | ০১৭২০৫৪৮০৬০ | সদস্য | |
| ১৭. | জনাব নিপা বেগম, উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) | ০১৭০৬৩৭০৯০০ | সদস্য | |
| ১৮. | জনাব মোঃ আনিছুর রহমান, উপজেলা পল্লী দারিদ্র্য বিমোচন কর্মকর্তা | ০১৭১৬০৪০২৫৩ | সদস্য | |
| ১৯. | জনাব মোঃ কামাল হুসাইন, সমন্বয়কারী, একটি বাড়ি একটি খামার প্রকল্প | ০১৭৯৮০৫৫২৮০ | সদস্য | |
| ২০. | জনাব উজ্জল কৃষ্ণ বেপারী, উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, দুমকী | ০১৭১৯১৬০৯৩৬ | সদস্য | |
| ২১. | জনাব মো: জসিম উদ্দিন, উপজেলা আনসার ও ভিডিপি কার্যালয় | ০১৭১৯১৬০৯৩৬ | সদস্য | |
| ২২. | জনাব মো: মেহেদি হাসান, ইউডিএফ, ইউজিডিপি, স্থানীয় সরকার বিভাগ | ০১৭১২১৭৭৯৬৬ | সদস্য | |
| ২৩. | জনাব মাহমুদা আক্তার, উপজেলা তথ্যসেবা কর্মকর্তা | ০১৭৬৮৭১১৯৩৯০ | সদস্য | |
| ২৪. | জনাব রাহিমা বেগম, উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, দুমকী | | সদস্য | |
| ২৫. | জনাব মোঃ আনোয়ার হোসেন, সভাপতি, দুমকী প্রেস ক্লাব | ০১৭১২২০১৮৯৮ | সদস্য | |
| ২৬. | জনাব আবুল কালাম আজাদ, সভাপতি, পিরতলা বাজার বণিক সমিতি | ০১৭১৭৮৫৯০৮৯ | সদস্য | |
| ২৭. | জনাব মোঃ আবুল হেসেন, সাধারণ সম্পাদক, পিরতলা বাজার বণিক সমিতি | ০১৭১১২৩৭৭১৪ | সদস্য | |
| ২৮. | | | | |
| ২৯. | | | | |
| ৩০. | | | | |
| [illegible] | | | | |
| [illegible] | | | | |